

নতুন ভাষার সংস্কার তৈরি করার নির্দেশিকা

আপনার যদি অডিও সম্পাদনের অভিজ্ঞতা থাকে

1. অডিও রেকর্ডার থেকে ফাইলগুলো সম্পাদনা করার কম্পিউটারে স্থানান্তর করুন। ভাষা ও ভিডিওর নাম লিখে সেগুলো ফোল্ডারে রাখুন
2. অনুষ্ঠান বা কর্মসূচির নাম, ভাষা এবং শট-সংখ্যা দিয়ে **অডিও ফাইলগুলোর নতুন নামকরণ করা** সর্বোত্তম অভ্যাস বলে গণ্য হবে
3. আপনার অডিও সম্পাদনা সফটওয়্যারে একটি প্রকল্প শুরু করুন। বিনামূল্যের অডিও সম্পাদক হলে 'Audacity' এটি ডাউনলোড করা যাবে এই লিংক থেকে :<http://www.audacityteam.org/> এবং বিভিন্ন ভাষায় এটি ইনস্টল করা যাবে
4. ইংরেজি বা ফরাসি WAV ভিডিওর গাইড ট্র্যাকের জন্য অ্যাক্সেস অ্যাগ্রিকালচারকে বলুন। আপনার সম্পাদনা প্রকল্পে এই ফাইলটি আমদানি করুন
5. এখন নতুন ভাষার ফাইলগুলো ধারণকৃত ফোল্ডার/ফাইল আমদানি করুন
6. ভিডিওর অডিও ট্র্যাক নির্দেশিকাটি নতুন ভাষার অডিও ফাইলগুলোর অবস্থানের জন্য ব্যবহার করুন, অনুষ্ঠান বা কর্মসূচির শিরোনামটি অডিওতে স্থাপন করতে অবশ্যই ভুলে যাবেন না। আপনি যদি ভিডিওটি দেখে থাকেন, তবে আপনি এটি কোথায় হয়েছে তা জানতে পারবেন, যদি কোনো সন্দেহ থাকে তা হলে অ্যাক্সেস এগ্রিকালচারকে তথ্যের জন্য অনুরোধ করুন
7. ভিডিও প্রোগ্রামের দৈর্ঘ্য পরিবর্তন করবেন না
8. যদি নতুন ভাষার ধারাবর্ণনার ফাইলগুলো অতি দীর্ঘ হয়, তবে সেগুলো পুনরায় রেকর্ড করা দরকার হবে
9. যখন নতুন ভাষার অডিও ফাইলগুলো যথাস্থানে রাখা হয়, ভয়েস নির্দেশিকাসহ অডিও ট্র্যাকটি নিঃশব্দে বন্ধ করুন
10. নতুন ভাষার ধারাবর্ণনায় কণ্ঠস্বরের মাত্রাগুলো ভালো ভলিউমে আছে, তা নিশ্চিত করুন এবং আপনি যেন কোনো নিশ্বাসের শব্দ বা ক্লিকগুলোর শব্দ শুনতে না পান, তা খেয়াল করুন
11. যখন আপনি সন্তুষ্ট হবেন যে, অডিও ভালো, তা হলে WAV 48KHZ 16 বিট অডিও ফাইল হিসেবে অডিওটি রপ্তানি করুন
12. আপনি যে অডিও ফাইলটি অ্যাক্সেস এগ্রিকালচারে পাঠান, তারপরে আমরা অনুষ্ঠান বা কর্মসূচিটির নতুন ভাষার সংস্কার একসাথে রাখব এবং এটি ওয়েবসাইটে আপলোড করব।

মনে রাখবেন !

কাজের প্রতিটি স্তর বা পর্যায়ে সম্পূর্ণ মনোযোগ দিতে হবে।
একটি মানসম্পন্ন অনুষ্ঠান বা কর্মসূচি তৈরির লক্ষ্য রাখবেন।